গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **সেপ্টেম্বর- ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ২৫ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। **<u>বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ</u>**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র হাসপাতালের ইউপিএস নষ্ট, এক্স-রে মেশিনও নষ্ট হলো এক সপ্তাহ আগে। এগুলো চালু করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডাক্তারের রাউন্ড সম্পর্কে অভিযোগের প্রেক্ষিতে তিনি বলেন, বিষয়টি দেখতে হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও। |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় অত্র উপজেলায় চৌদ্দ (১৪) টি নির্বাচিত জলাশয় ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে মোট ২৫০ কেজি সুস্থ সবল পোনা মাছ অবমুক্ত করা হয়। উল্লেখ্য যে, সামনে ১২ অক্টোবর হতে ২রা নভেম্বর-২০২৩ পর্যন্ত মোট বাইশ (২২) দিন ইলিশ প্রধান প্রজনন মৌসুম ক্ষেত্র তথা সারা দেশব্যাপী এই দিন তারিখ হতে ইলিশ ধরা, ক্রয়, বিক্রয় ও মৎস আরতে মজুদ রাখা দন্ডনীয় অপরাধ। এই আইন অমান্যকারীর বিরুদ্ধে সর্বোচ্চ ১ থেকে ২ বছর সশ্রম কারাদন্ড অথবা সর্বোচ্চ ৫,০০০/- টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করা যাবে। এই বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | ১২ অক্টোবর হতে ২রা নভেম্বর-২০২৩ পর্যন্ত মোট বাইশ (২২) দিন ইলিশ প্রধান প্রজনন মৌসুম ক্ষেত্র তথা সারা দেশব্যাপী এই দিন তারিখ হতে ইলিশ ধরা, ক্রয়, বিক্রয় ও মৎস্য আরতে মজুদ রাখা বন্ধ করতে হবে। এছাড়াও, পোনা মাছ নিধনে কারেন্ট জাল, চাইনিজ জালের ব্যবহারের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বর্তমানে পরিবার পরিকল্পনা নিয়মিতকরণে কাজ করে যাচ্ছেন। তবে সকলের সহযোগিতা না থাকলে এটা বাস্তবায়ন করতে পারবেন না। এজন্য তিনি সকলে সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভাঃ) সভায় জানান, বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্টে এই বারে প্রাথমিক শিক্ষার্থীরা চ্যাম্পিয়ন হয়েছে। ২১-২২-২০২৩খ্রি তারিখে চতুর্থ কাব ক্যাম্পরিতে অংশগ্রহণ করা হবে। শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য আর্থিক অনুদান বাবদ নগদ ২০,০০০/- টাকা প্রয়োজন।<br><br>এমতাবস্থায়, উপজেলা পরিষদ থেকে তিনি ২০,০০০/-(বিশ হাজার) টাকার জন্য আবেদন জানান। | উপজেলা পরিষদ থেকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা প্রদান করতে হবে। দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আপাতত তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, হরিপুর। |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর, |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ভিক্ষুক পুণর্বাসন কার্যক্রমের তিনটি ভ্যান প্রদান করা হয়েছে। এবং নয়টি দোকান তৈরির কাজ চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সমবায় বিভাগে সমবায় সমিতি অডিট নিষ্পন্ন, প্রশিক্ষণ চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর। |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজলায় খাদ্য বান্ধব কর্মসূচি থেকে খাদ্য বিতরণ চলছে। কিন্তু সমস্যা হলো যাদের নামে খাদ্য বিতরণ চলমান আছে তাদের অনেকে ইতোমধ্যে মারা গেছেন। এমতাবস্থায়, মৃত ব্যক্তির নাম বাদ দিয়ে নতুন নামের তালিকা এ সভায় প্রস্তাব করেন। অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | খাদ্য বান্ধব কর্মসূচিতে মৃত ব্যক্তিদের নাম বাদ দিয়ে নতুন নামের তালিকা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আনসার ও ভিডিপিকে স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় চেষ্টা অব্যাহত আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর। |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের আওতায় টি,আর, কাবিখা ও কাবিটা প্রথম পর্যায়ের বরাদ্দের অনুমোদন পাওয়া গেছে। এখন প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এইচ.বি.বি করণ প্রকল্পের টেন্ডার দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক আহবান করা হয়েছে। স্বল্প সময়ের মধ্যে হরিপুর উপজেলায় এইচ. বি. বি. করণ প্রকল্পের আওতায় বাস্তবায়িতব্য রাস্তায় সিডিউল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, হরিপুর হতে বিক্রয় শুরু করা হবে। ৪০ দিনের কর্মসূচি ১ম পর্যায়ের বরাদ্দ প্রকল্প তালিকা প্রাপ্তি স্বাপেক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে পাওয়া যাবে। এই স্বপক্ষে সকল ইউ,পি চেয়ারম্যান মহোদয়কে প্রকল্প চাহিদা চেয়ে ইতোমধ্যে প্রত্র প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় কার্যক্রম প্রক্রিয়াধীন। অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মা ও শিশু সহায়তা কার্যক্রম এর আবেদনের ওয়েব সাইট খুলে দেওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সেটেলম্যান্ট বিভাগ | সহকারী সেটেলম্যান্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী সেটেলম্যান্ট অফিসার, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার,সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার,সদর নার্সারী, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | সেচ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |

| | | | |
|---|---|---|---|
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ২৬/০৯/২০২৩খ্রিঃ তারিখে সোলার কার্যক্রমের গণশুনানীর দিন ধার্য্য করা হয়েছে আই উক্ত তারিখে সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | গণশুনানীতে সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃ দাঃ বিঃ ফাঃ কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য আপা | উপজেলা তথ্যকেন্দ্র অফিসের কার্যক্রম স্বাভাবিক আছে। ডোর টু ডোর ও তথ্যকেন্দ্রের সেবা প্রদান চলমান রয়েছে। উঠান বৈঠক জুন ক্লোজিং এর পর বন্ধ আছে। বরাদ্দ পেলে উঠান বৈঠকের কার্যক্রম শুরু করা হবে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | সহকারী জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী বিদ্যুৎ বিভাগ, হরিপুর। |
| ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, রাস্তাগুলোর মূল পয়েন্ট খালি করতে হবে। যাতে সড়ক দুর্ঘটনা কমে যায়। এজন্য সবাইকে কাজ করতে হবে। | রাস্তাগুলোর কাজ দ্রুত শেষ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, হরিপুর |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় জানান, অত্র উপজেলায় উন্নয়ন কাজ চলমান আছে। এই পরিস্থিতি বেগবান রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| এস এম আলমগীর সাধারণ সম্পাদক (উপজেলা আওয়ামী লীগ), হরিপুর। | উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সভায় জানান, সামনে জাতীয় নির্বাচন তাই অত্র উপজেলাকে এমনভাবে সাজাতে হবে যাতে নির্বাচন সঠিকভাবে পরিচালনা করা যায়। | উক্ত সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার (সাবেক) | উপজেলা মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার(সাবেক) সভায় জানান, হাসপাতালে মুক্তিযোদ্ধাদের নামে প্রতিবছরে ৫০,০০০/- টাকা বরাদ্দ থাকতেও মুক্তিযোদ্ধা কেবিনে একটা ল্যাট্রিন নাই। একটা আইপিএসও নাই। এই পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উক্ত সমস্যাগুলো সমাধান করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, বৃষ্টির কারণে অত্র ইউনিয়নের রাস্তাগুলো গুর্ত হয়ে গেছে। বিজিপি বালু উত্তোলন করাতে দেয় না। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, অতিবৃষ্টির কারণে পাকা রাস্তার মাটিগুলো সরে গেছে। মাটি কাটার/ রাস্তার কাজের টিমকে অনেকবার রাস্তায় মাটি দিতে বলা হয়েছে। অত্র এলাকায় দুটি ঘর পরে গেছে। ঘর দুটির ক্ষতিপূরণের জন্য আহ্বান জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, ভাতুরিয়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তবে কাঁচা রাস্তা গুলো অতিবৃষ্টির কারণে মানুষ চলাচলের অসুবিধার সৃষ্টি হচ্ছে। এসব রাস্তায় যদি ইটের খোয়া/রাবিশ ও বালি দেওয়া যায় তাহলে মানুষের চলাচল কিছুটা হলেও উপকৃত হবে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি |

**০৩। বিবিধঃ**

০১। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০২। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের , আগস্ট থেকে সেপ্টেম্বর/২০২৩খ্রিঃমাসে উপজেলা টেনিস ক্লাব ও উপজেলা টেনিস একাডেমির চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা টেনিস ক্লাব ও উপজেলা টেনিস একাডেমির চারপাশের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

(০৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদের পুরাতন ভবন (চেয়ারম্যান অফিস) ব্যবহারে নানামুখি সমস্যা দেখা যাচ্ছে। যার কারণে ভবনটি সঠিকভাবে ব্যবহার করা যাচ্ছে না। এতে করে ভবন ব্যবহারকারীদের অসুবিধা হচ্ছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা পরিষদের পুরাতন ভবন (চেয়ারম্যান অফিস) মেরামত সংক্রান্ত প্রাক্কলন তৈরির জন্য উপজেলা প্রকৌশলিকে অনুরোধ জানানো হলো।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের পুরাতন ভবন (চেয়ারম্যান অফিস) মেরামত সংক্রান্ত প্রাক্কলন তৈরির জন্য উপজেলা প্রকৌশলিকে অনুরোধ জানানো হলো। | ১। উপজেলা প্রকৌশলি,হরিপুর। |

(০৫) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, এপ্রিল থেকে জুন-২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয়ের ২৪,৩৭৫/-(চব্বিশ হাজার তিনশত পচাত্তর টাকা মাত্র), জুলাই, ২০২২ থেকে জুন, ২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ৭১,৫০০/-(একাত্তর হাজার পাঁচশত টাকা মাত্র) এবং জুলাই,২০২২ থেকে জুন, ২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ৬৭,০০০/-(সাতষট্টি হাজার টাকা মাত্র) যার সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ১,৬২,৮৭৫/-(এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশত মাত্র) টাকার বিল পরিশোধ দেয়া হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা চেয়ারম্যান মহোদয়ের এপ্রিল থেকে জুন ২০২৩ ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের জুলাই, ২০২২খ্রি থেকে জুন, ২০২৩খ্রিঃ মাসের ভ্রমণ ব্যয় বিল এবং মহিলা ভাইস-চেয়ারম্যানের জুলাই ২০২২ থেকে জুন, ২০২৩ মাসের ভ্রমন বিল বাবদ সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ১,৬২,৮৭৫/-(এক লক্ষ বাষট্টি হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৬) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, অত্র উপজেলা প্রত্যন্ত ও সীমান্তবর্তী। এ উপজেলায় শিক্ষার গুণগতমান বৃদ্ধির লক্ষে অত্র এলাকার গরীব মেধাবী শিক্ষার্থীদের মাঝে সেপ্টেম্বর ২০২৩ মাসে শিক্ষা বৃত্তি ও শিক্ষা সহায়তা ০২(দুই) জন ছাত্র/ছাত্রীর মাঝে ৩,০০০/- ও ৫,০০০/- মোট ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) প্রদান করা হয়েছে। চিকিৎসা সহায়তা/ আর্থিক সহায়তা হিসেবে ০৭ (সাত) জন ব্যাক্তিকে (৪,০০০/-হারে তিন জন ও ৫,০০০/-হারে চার জন) হিসেবে মোট ৩২,০০০/- ( বত্রিশ হাজার টাকা মাত্র) সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও ঘরপোড়া সহায়তা বাবদ তিন জন (একজন ৫,০০০/- ও দুই জন ৪,০০০/- হারে মোট ৮,০০০/-) মোট ১৩,০০০/- (তেরো হাজার) টাকা প্রদান করা হয়েছে। শিক্ষা বৃত্তি/সহায়তা, চিকিৎসা সহায়তা/আর্থিক সহায়তা ও ঘরপোড়া সহায়তা বাবদ সর্বমোট ৫৩,০০০/- (তিপ্পান্ন হাজার) টাকা প্রদান করা হয়েছে। যা অদ্যকার সভায় তা অনুমোদন হওয়া প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|

| | |
|---|---|
| মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা বৃত্তি/শিক্ষা সহায়তা, চিকিৎসা সহায়তা/আর্থিক সহায়তা ও ঘরপোড়া সহায়তার আবেদনকারী মোট ১২ (বারো) জন প্রতিজনকে ৩,০০০/-, ৪,০০০/- ও ৫,০০০/- টাকা হারে সর্বমোট ৫৩,০০০/-(তিপ্পান্ন হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

অফিসটি ব্যবহারে নানা সমস্যা দেখা যায়। এতে করে আমাদের স্টাফদের নানামুখি সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার
(০৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান,অত্র উপজেলা পরিষদের ও উপজেলা নির্বাহী অফিসের খুচরা আসবাবপত্র না থাকায়
নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ছ মোতাবেক উপজেলা পরিষদ আসবাবপত্র সংগ্রহ/মেরামত বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা
পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা পরিষদ আসবাবপত্র/মেরামত সংক্রান্ত প্রাক্কলিত ব্যয় =১৫,০০০/-(পনের হাজার টাকা)।
উক্ত বিলটি অদ্যকার সভায় অনুমোদ হওয়া প্রয়োজন। আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | বাস্তবায়নে- |
|---|---|
| সিদ্ধান্ত ঃ | |
| উপজেলা পরিষদ আসবাবপত্র সংগ্রহ/মেরামত বাবদ বাবদ =১৫,০০০/-(পনের হাজার টাকা)। টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ
জীপগাড়ির আগস্ট/২০২৩খ্রিঃ মাসে জ্বালানী বিল বাবদ ৩১,৭৮২/- (একত্রিশ হাজার সাতশত বিরাশি) টাকা প্রাদান করা হয়েরছ যা অদ্যকার সভায়
অনুমোদন কারা প্রয়োজন।
বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| | বাস্তবায়নে- |
|---|---|
| সিদ্ধান্ত ঃ | |
| উপজেলা পরিষদ জীপগাড়ির আগস্ট-২০২৩খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল ৩১,৭৮২/- (একত্রিশ হাজার সাতশত বিরাশি) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৯) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় আরও জানান, অত্র উপজেলা পরিষদের নৈশ প্রহরী না থাকায় অত্র উপজেলা পরিষেদটি রাতের
সময় অনিরাপদ থাকে। সেজন্য মোঃ জুয়েল, পিতাঃ আলাউদ্দীন, মাতা-মোছাঃ জরিনা খাতুন কে সাময়িকভাবে রাতে অফিস পাহারার দায়িত্ব (বিনা বেতনে)
প্রদান করা যেতে পারে। শর্ত থাকে যে, অফিসের নিয়োগকৃত নৈশ প্রহরী আসামাত্র তাকে অব্যাহতি দেয়া যেতে পারে। এছাড়া অফিসিয়াল প্রয়োজনে তাকে
যে কোন সময় বিনা নোটিশে অপসারণ করা যেতে পারে। অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন। আলোচনায় বর্ণিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন
করা হল।

| | বাস্তবায়নে- |
|---|---|
| সিদ্ধান্ত ঃ | |
| মোঃ জুয়েল কে অত্র উপজেলা পরিষদের রাতে অফিস পাহারার দায়িত্ব (বিনা বেতনে) সাময়িকভাবে প্রদান করতে সর্বসম্মত সিধান্ত গ্রহীত হলো। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৯/২০২[illegible]

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও।